অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি-র (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA) বিশাল 30% ভাড়া বৃদ্ধি বন্ধ করতে অথবা ব্যবস্থার আরো অবনতি ঘটা বন্ধ করতে গভর্নর কুওমো কনজেশন প্রাইসিং প্রবর্তন করার জন্য আইনের ডাক দিয়েছেন

এছাড়াও গভর্নর আইনে এমন পদক্ষেপের প্রস্তাব রাখেন যা অবশেষে দায়বদ্ধতা, আমলাতন্ত্রের পুনর্বিন্যাস, এবং ভাঙা সিস্টেমকে ঠিক করবে

কনজেশন প্রাইসিং ছাড়াও, প্রয়োজনীয় পদক্ষেপগুলির মধ্যে আছে প্রকল্পের জন্য ডিজাইন-বিল্ড পদ্ধতি ব্যবহার করা, ভাড়া ফাঁকি দেওয়া বন্ধ করা, অভ্যন্তরীণভাবে MTA-র পুনর্বিন্যাস করা, রিয়েল ক্যাপিটাল প্ল্যানের খরচ, MTA-র বোর্ডের পুনর্বিন্যাস এবং MTA ক্যাপিটাল প্রকল্পগুলির জন্য কনজেশন প্রাইসিং রাজস্বের জন্য একটি লকবক্স তৈরি করা

ডেটা এই প্রদর্শন করে যে নিউ ইয়র্কবাসীদের মাত্র এক ভগ্নাংশ গাড়ি করে কেন্দ্রীয় বিজনেস ডিস্ট্রিক্ট যাতায়াত করেন, এবং যে সব যাত্রীরা যারা কনজেশন প্রাইসিং ফি দেবেন তাদের 25 শতাংশ স্টেটের বাইরে থেকে আসেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেট লেজিস্লেচারের কাছে একটি কনজেশন প্রাইসিং প্ল্যান প্রবর্তন করার ডাক দেন যাতে MTA-র ক্যাপিটাল কর্মসূচি অর্থায়ন করা যায় প্রায় 30% MTA-র ভাড়া বৃদ্ধি আটকানোর জন্য অথবা পরিবহণ ব্যবস্থার আরো অবনতি রোধ করার জন্য| অ্যাসোসিয়েশন ফর আ বেটার নিউ ইয়র্কে (Association for a Better New York) একটি বক্তৃতার সময় গভর্নর বলেন MTA কে একটি চলমান এবং নিবেদিত রাজস্বের প্রবাহ প্রদান করার একমাত্র যুক্তিসঙ্গত এবং বাস্তব বিকল্প হলো কনজেশন প্রাইসিং এর মাধ্যমে, যা গভর্নর তার 2020 কার্যনির্বাহী বাজেটের প্রস্তাবে অন্তর্ভুক্ত করেছেন| না হলে MTA-র দ্বারা নিউ ইয়র্কবাসীদের উল্লেখযোগ্য মাশুল এবং ভাড়া বৃদ্ধির ঝুঁকির সম্মুখীন করবে বিধানমন্ডলী|

কনজেশন প্রাইসিং ছাড়াও, গভর্নর একটি প্রস্তাবিত পদক্ষেপের রূপরেখা প্রকাশ করেন, বিধান মন্ডলী যাতে দায়বদ্ধতা স্থাপন করতে পারে এবং একটি ব্যবস্থা যা বহু দশক ধরে ভাঙা অবস্থায় আছে, তা ঠিক করতে পারে| প্রস্তাবগুলির মধ্যে আছে মূখ্য প্রকল্পগুলির জন্য নির্মাণের এবং সম্পূর্ণ করার প্রক্রিয়া উন্নত করা, ক্রমবর্ধমান বাজেট এবং পরিচালনার ঘাটতির মোকাবিলা করা, একটি রিয়েল ক্যাপিটাল পরিকল্পনার খরচ নির্ধারণ করা, এবং MTA-র পুরনো কাঠামোর পুনর্বিন্যাস করা|

"MTA সাংগঠনিক ক্রিয়াহিনতায় এবং বিলগ্নিকরণের সমস্যায় আক্রান্ত বহু দশক ধরে, এবং আমাদের আরো ভালো ব্যবস্থাপনা এবং অর্থের প্রয়োজন একে সাফল্যের মুখ দেখাতে", **গভর্নর কুওমো বলেন।** "MTA-র মূলধনের প্রয়োজনগুলি অর্থায়ন করতে কনজেশন প্রাইসিং হলো একমাত্র যুক্তিসঙ্গত এবং বাস্তবসম্মত বিকল্প

এবং একজন ব্যক্তির অবশ্যই সিদ্ধান্ত নেবার, নিয়োগ এবং বরখাস্তের অধিকার, এবং পুনঃসংগঠিত করার কতৃত্ব থাকতে হবে| বিধান মন্ডলী প্রকৃত পছন্দের উপর তাদের ভোট প্রদান করুক - কনজেশন প্রাইসিং না 30% শতাংশ ভাড়া ও মাশুল বৃদ্ধি| হয় A হবে নয়তো B, কোনো C বিকল্প নেই| জনসাধারণ যদি তাদের নির্বাচিত আধিকারিকরা যে গুরুত্বপূর্ণ বিকল্প নির্বাচন করছেন তা বোঝেন, তাহলে কনজেশন প্রাইসিং এর সিদ্ধান্ত জিতবে|"

MTA-র একটি নির্ভরশীল অর্থায়নের প্রবাহের অত্যন্ত প্রয়োজন তাদের রূপান্তরণে সহয়তার জন্য এবং বার্ষিক বাজেটিং নিশ্চিত করার জন্য| ফলপ্রসু বিকল্পের অভাবের কারণে, একমাত্র প্রকৃত বিকল্প হলো কনজেশন প্রাইসিং| কনজেশন প্রাইসিং একটি মাশুল ধার্য করবে তাদের উপর যারা ম্যানহ্যাটান সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিকটে প্রবেশ করেন 60তম স্ট্রিটের নিচে এবং আনুমানিক 15 মিলিয়ন মার্কিন ডলার তোলা হবে MTA-র পরের মূলধনের পরিকল্পনার জন্য| ফিক্স এনওয়াইসি প্যানেলের (Fix NYC Panel) কয়েকটি পরিবর্তনশীল হার আছে যা চালকদের প্রেরণা দেবে নন-কনজেশন সময়ে কাজ করার জন্য তাদের মাশুল নির্দিষ্ট কিছু সময়ে হ্রাস করে এবং তা বাস্তবায়ন করা হবে ইলেক্ট্রনিক টোলিং এর মাধ্যমে| পুঁজি একটি MTA ক্যাপিটাল প্রকল্পের জন্য লকবক্সে রাখা হবে|

তার মন্তব্যে গভর্নর বলেন যে কনজেশন প্রাইসিং বাইরের দিকের বোরো থেকে আসা যাত্রীদের উপর সামান্যই প্রভাব ফেলবে| নিউ ইয়র্কবাসীদের শুধু এক ভগ্নাংশ গাড়ি করে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিকটে আসেন এই ডেটা তিনি দেখিয়েছেন, এবং 25 শতাংশ যাত্রীরা যারা কনজেশন প্রাইসিং ফি প্রদান করবেন তারা স্টেটের বাইরে থেকে আসেন|

বাসিন্দাদের শতাংশ যারা গাড়ি করে ম্যানহাটানে আসেন (ইউ.এস. সেন্সাস ব্যুরো (U.S. Census Bureau) 2012-2016 আমেরিকান কমিউনিটি সার্ভে 5-বছরের আনুমানিক হিসেব অনুযায়ী)

ব্রুকলিন - 1.3%
কুইন্স - 2.2%
ব্রঙ্কস -1.9%
স্ট্যাটেন আইল্যান্ড - 2.3%
ওয়েস্টচেস্টার - 2.2%
নাসাউ - 1.8%
সাফোক - 0.8%

গভর্নর নিম্নলিখিত পদক্ষেপগুলির প্রস্তাব করেন বিধান মন্ডলীর জন্য:

1. **কনজেশন প্রাইসিং পাস করুন:** MTA-র রূপান্তরণে সহায়তার জন্য একটি নির্ভরশীল অর্থায়নের প্রবাহের প্রয়োজন| কার্যকর বিকল্পের অভাবে, একমাত্র বিকল্প হলো কনজেশন প্রাইসিং অথবা প্রায় 30% মাশুল এবং ভাড়া বৃদ্ধি ও আরো অবনতির মধ্যে একটি বেছে নেওয়া| গভর্নর কুওমো প্রবলভাবে কনজেশন প্রাইসিং কে সমর্থন করেন যা অবশ্যই স্টেট লেজিস্লেচারকে (State Legislature) পাস করতে হবে| কনজেশন প্রাইসিং একটি নাশুল ধার্য করবে তাদের উপর যারা ম্যানহ্যাটান সেন্ট্রাল বিজনেসে ঢোকেন 60তম স্ট্রিটের নিচে এবং

আনুমানিক 15 বিলিয়ন মার্কিন ডলার তুলবে MTA-র পরের মূলধনের পরিকল্পনার জন্য| চূড়ান্তভাবে সিদ্ধান্ত নেওয়ার দায় বিধান মন্ডলীর, এবং গভর্নর আইনপ্রণেতাদের অনুরোধ করছেন কনজেশন প্রাইসিং অথবা উল্লেখযোগ্য মাশুল এবং ভাড়া বৃদ্ধি বা এই শতক পুরনো ব্যবস্থার আরো অবনতি হতে দেওয়ার মধ্যে সিদ্ধান্ত নিতে|

2. **সমস্ত প্রকল্পের জন্য ডিজাইন-বিল্ড বাস্তবায়ন করুন:** গভর্নর কুওমো নিউ ইয়র্কের প্রথম ডিজাইন-বিল্ড আইন পাস করেন 2011-তে| ডিজাইন-বিল্ড, যা ডিজাইন এবং নির্মাণ পরিষেবা একটি একক চুক্তিতে একত্রিত করে - আমলাতন্ত্র এবং মুখ্য পরিকাঠামোর প্রকল্পের খরচ হ্রাস করে, এবং দায়িত্ব ব্যক্তিগত সেক্টরে অর্পন করে| নিউ ইয়র্ক স্টেট ডিজাইন-বিল্ড ব্যবহার করে সমস্ত মুখ্য প্রকল্পের জন্য, গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ সহ, যা রাষ্ট্রের সাম্প্রতিক সর্বজনীন পরিকাঠামো প্রকল্পগুলির বৃহত্তমগুলির মধ্যে একটি, এবং নতুন কজিওস্কো ব্রিজ, যা সম্পূর্ণ হবে 2020 সালে, সময়সূচির পুরো চার বছর আগে| MTA-র নির্মাণ প্রকল্পগুলি সময় মত শেষ হয় খুবই কম এবং তারা ডিজাইন-বিল্ড করে না, যা কোনো সন্দেহ ব্যতিত সব চেয়ে দক্ষ নির্মাণ পদ্ধতি| স্টেট কোনো মুখ্য প্রকল্প করে না যা ডিজাইন-বিল্ড নয়|
3. **ভাড়া ফাঁকি দেওয়ার বিস্ফোরণ বন্ধ করুন:** নিউ ইয়র্ক সিটি পরিবহণ কর্তৃপক্ষ (New York City Transit Authority, NYCTA) সম্প্রতি ভাড়া ফাঁকি দেওয়ার এক বিস্ফোরণ লক্ষ্য করেছে সাবওয়েতে| সাম্প্রতিক বছরগুলিতে, মাশুল ফাঁকি দেওয়া মানুষের সংখ্যা দ্বিগুন হয়েছে, যার ফলে MTA-র মোট 215 মিলিয়ন মার্কিন ডলার লোকসান হচ্ছে, যা 2015 সালের তুলনায় 110 মিলিয়ন মার্কিন ডলার বেশি|
4. **MTAকে অভ্যন্তরীণভাবে পুনর্বিন্যাস করুন:** প্রতিটি MTA উপ-বিভাগের - NYCTA, MTA ব্রিজেস এবং টানেল্স (MTA Bridges and Tunnels), LIRR এবং মেট্রো-নর্থ (Metro-North) সহ - নিজের ব্যাক অফিস ক্রিয়াকলাপ আছে, কর্মচারীবৃন্দ, বিজ্ঞাপন, ইঞ্জিনিয়ারিং, আইনি, অ্যাকাউন্টিং সহ, এবং হাজার হাজার কর্মী দ্বারা এগুলি গঠিত| গভর্নর মনে করেন আতিশয্য এক প্রচন্ড অপব্যয়, এটি অত্যন্ত অকার্যকর, এবং কাটছাট ও আরো ভালো সমন্বয়সাধনের জন্য ডাক দিচ্ছেন|
5. **MTA ক্যাপিটাল প্ল্যান অডিট করুন:** কর্মরত গ্রুপ অনুযায়ী, MTA-র পাঁচ-বছরের মূলধনের পরিকল্পনা অনুমান করে 40 বিলিয়ন থেকে 80 বিলিয়ন মার্কিন ডলারের ব্যাপ্তি| গভর্নর একটি ফরেনসিক অডিট করার ডাক দিচ্ছেন মূলধন পরিকল্পনার প্রকৃত খরচ নির্ধারণ করতে|
6. **MTA বোর্ড পুনর্বিন্যাস করুন এবং একতরফাভাবে নিষেধাজ্ঞাটি:** MTA বোর্ডে 23 জন সদস্য আছেন; কিন্তু সেটি কোনো একক ব্যক্তিকে নমিনির পরিষ্কার গরিষ্ঠতা প্রদান করে না| গভর্নর চেয়ারম্যান এবং পাঁচজন সদস্য নির্বাচন করেন, যা গরিষ্ঠতা প্রদান করে না| বাকি সদস্যদের মধ্যে, মেয়র নির্বাচন করেন চারজনকে এবং নিউ ইয়র্ক সিটির বাইরের আঞ্চলিক কাউন্টি এক্জেকিউটিভরা করেন সাতজনকে| আরো, MTA বোর্ড নিজে এজেন্সির মূলধন পরিকল্পনা নিয়ন্ত্রণ করে না| বোর্ড পাস করার পরেও, গভর্নর, সিনেট নেতা, এবং বিধানসভার স্পিকার প্রত্যেকে MTA-র পরিকল্পনাটি আংশিকভাবে বা সম্পূর্ণভাবে নিষেধ করতে পারেন তাদের বিবেচনা অনুযায়ী, এবং মেয়র MTA-র পরিকল্পনার সমস্ত অংশ

নিষেধ করতে পারেন তার বিবেচনা অনুযায়ী| আমলাতন্ত্রের পুনর্বিন্যাস এবং একক দায়িত্ব গুরুতর সংস্কার নিয়ে আসবে| কতৃত্ব পরিষ্কারভাবে নির্দিষ্ট করে এবং অর্থায়ন নিশ্চিত করে MTA এক দক্ষ, কার্যকর মডেল হিসেবে কাজ করতে পারবে বিশ্বের জন্য যা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য|

7. **কনজেশন প্রাইসিং লকবক্স:** একটি কনজেশন প্রাইসিং রাজস্বের লকবক্স তৈরি করুন যা শুধু MTA মূলধনের জন্য নিবেদিত হবে|

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন